

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আবগারি শুল্ক)

বিশেষ আদেশ

তারিখ: ৪ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: ৯ জানুয়ারি, ২০২৫ খ্রি: থেকে ১৮ জানুয়ারি, ২০২৫ খ্রি: পর্যন্ত নতুন ইস্যুকৃত বিমান
টিকিটসমূহ/বহির্গমনকৃত যাত্রীদের বিপরীতে অনাদায়ী বর্ধিত আবগারি শুল্ক অব্যাহতি প্রদান।

নং ৬/আবগারি/২০২৫—যেহেতু, The Excises and Salt (Amendment) Ordinance, 2025 এর আওতায় প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৩-আইন/২০২৪/২৬৭-মুসক; তারিখ ৯ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ এর মাধ্যমে বিমান টিকিটের উপর আবগারি শুল্কের হার পুনঃনির্ধারণ করা হইয়াছে। ফলশ্রুতিতে, ৯ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ হইতে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে সকল ধরনের বিমান টিকিটের উপর পরিবর্তিত হারে আবগারি শুল্ক প্রযোজ্য হইয়াছে;

যেহেতু, এয়ারলাইন্সের টিকিট বিক্রয়ের জন্য ফ্লাইট বহির্গমনের ০৬ (ছয়) মাস পূর্বেই উন্মুক্ত করা হইয়া থাকে। এক্ষেত্রে, ৯ জানুয়ারি, ২০২৫ খ্রি: থেকে ১৮ জানুয়ারি, ২০২৫ খ্রি: পর্যন্ত ইস্যুকৃত টিকিটসমূহের/বহির্গমনকৃত যাত্রীদের বিপরীতে অনাদায়ী বর্ধিত আবগারি শুল্ক আদায়ের ক্ষেত্রে বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টি হছে মর্মে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হইয়াছে। তাছাড়া, এই সকল টিকিট ইতোপূর্বে বুকিং/ইস্যু করা হইয়াছে এবং উক্ত বিক্রয়কৃত টিকিটের মূল্য ও টিকিটের বিপরীতে আবগারি শুল্ক ইতোমধ্যে আদায় করা হইয়াছে। এতদ্ব্যতীত, পূর্বে বিক্রয়কৃত টিকিটের বিপরীতে আদায়কৃত মূল্য হইতে যাত্রীদের নিকট হইতে পুনরায় বর্ধিত আবগারি শুল্ক আদায় করার সুযোগ নেই;

(১৬৪৭)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, The Excises and Salt Act, 1941 (Act No. I of 1944) এর Section 12 A (2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত Act এর First Schedule এর Part-II এর Service এর টেবিলের কলাম (১) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সেবার ক্ষেত্রে শুধুমাত্র ৯ জানুয়ারি, ২০২৫ খ্রি: হইতে ১৮ জানুয়ারি, ২০২৫ খ্রি: পর্যন্ত ইস্যুকৃত টিকিটসমূহের/বহির্গমনকৃত যাত্রীদের বিপরীতে অনাদায়ী বর্ধিত আবগারি শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মশিউর রহমান
প্রথম সচিব (মূসক নীতি)।